
# এই জয় জনগণের রায়, দেশের গণতন্ত্রের শক্তি: মাহদী আমিন




মাহদী আমিন। ছবি: সংগৃহীত

বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা মাহদী আমিন বলেছেন, সাম্প্রতিক নির্বাচনের ফলাফল মূলত গণতন্ত্রের পক্ষে মানুষের স্পষ্ট অবস্থান। তার ভাষায়, এই অর্জন কোনো একটি দলের নয়, এটি বাংলাদেশের মানুষের জয়।

শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) দুপুরে রাজধানীর গুলশানে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি জানান, জনগণের প্রত্যাশা অনুযায়ী জবাবদিহিমূলক ও দায়িত্বশীল সরকার গঠনে কাজ করবে বিএনপি। তিনি আরও বলেন, দেশের শহীদ পরিবারগুলোর আকাঙ্ক্ষা পূরণে একটি ন্যায়ভিত্তিক রাষ্ট্র গড়াই হবে নতুন সরকারের লক্ষ্য। মাহদী আমিন জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা কমিটির মুখপাত্র হিসেবেও দায়িত্ব পালন করছেন।

এদিকে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৯৭টি আসনের চূড়ান্ত ফলাফল প্রকাশ করেছে নির্বাচন কমিশন। ঘোষিত ফল অনুযায়ী, বিএনপি নেতৃত্বাধীন জোট ২১২টি আসনে জয় পেয়েছে। জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোট পেয়েছে ৭৭টি আসন। স্বতন্ত্র ও অন্যান্য প্রার্থীরা জিতেছেন ৮টি আসনে।